

ভিকারুননিসা নুন স্কুল এন্ড কলেজ অভিভাবক প্রতিনিধি নির্বাচন ঘিরে চলছে টাকার খেলা

রিয়ার চৌধুরী : ভিকারুননিসা নুন স্কুল এন্ড কলেজের অভিভাবক প্রতিনিধি নির্বাচন আজ (৩০শে আগস্ট) অনুষ্ঠিত হতে যাচ্ছে। নির্বাচনকে ঘিরে চলছে টাকার ছড়াছড়ি। বিগত সরকারগুলোর আমলে অভিভাবক প্রতিনিধি নির্বাচনে যেভাবে অর্থ ছড়ানো হয়েছে এবারও তার ব্যতিক্রম নয়। অভিযোগ ওঠেছে, নির্বাচনকে ঘিরে প্রার্থীদের মধ্যে চলছে টাকার লেনদেন। যেটা অধিক টাকার বিনিময়ে প্রার্থী কেনা-বেচা হচ্ছে। এছাড়া ভোটারদের আকৃষ্ট করতে ২৪ঘণ্টার লিফলেট এবং বিভিন্ন উপহার সামগ্রী দেয়া হচ্ছে বলেও অভিযোগ পাওয়া গেছে।

সুত্র জানায়, ইতোমধ্যে নির্বাচনের সকল প্রকৃতি সম্পন্ন হয়েছে। সকাল ৮টার নির্বাচন শুরু হয়ে চলবে বিকেল ৪টা পর্যন্ত। মাঝখানে জুমার নামাযের জন্য ভোটগ্রহণ স্থগিত রাখা হবে। সরকারের পক্ষ থেকে নির্বাচন অনুষ্ঠান পরিচালনার জন্য এডিসি (শিক্ষা উন্নয়ন) ঢাকাসহ ১০৮ জন কর্মকর্তা-কর্মচারীকে বিভিন্ন দায়িত্ব দিয়ে কেন্দ্রে প্রেরণ করা হবে। নির্বাচন চকুর অর্গ থেকে আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যগণ কেন্দ্রে আগশাশে উপস্থিত থাকবে। সুত্র জানায়, এবার স্কুল শাখায় মোট ১৪ জন এবং কলেজ শাখায় ৩ জন প্রার্থী এ নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছেন। স্কুল

শাখা থেকে ২ জন এবং কলেজ শাখা থেকে ২ জন অভিভাবক প্রতিনিধি নির্বাচিত হবেন। অভিযোগ রয়েছে, এ নির্বাচনকে কেন্দ্র করে প্রার্থীরা লাখ লাখ টাকা ব্যয় করছে। তাদের পক্ষ থেকে ভোটারদের এসএমএস পাঠানো হচ্ছে। ভোটারদের আকৃষ্ট করতে ২৪ঘণ্টার লিফলেট এবং বিভিন্ন উপহার সামগ্রী দেয়া হচ্ছে। শুধু তাই নয় ভোটারদের নগদ টাকাও দেয়া হচ্ছে বলে সুত্র জানায়। নির্বাচনকে কেন্দ্র করে প্রার্থীরা প্রতিদিন লাখ লাখ টাকা ব্যয় করছেন বলে একাধিক ভোটারের সঙ্গে কথা বলে জানা গেছে।

সুত্র জানায়, এবারের নির্বাচনে মোট ভোটার সংখ্যা স্কুল শাখায় ১১ হাজার ৬৭ ১৫ জন এবং কলেজ শাখায় ৮৭ ৮৬ জন। স্কুল শাখার প্রার্থীদের মধ্যে রয়েছে- মোঃ আতাউর রহমান, ডা. মোঃ মজিবুর রহমান হাওলাদার, আনোয়ারুল ইসলাম, আব্দুল হাজি আকাদ হোসেন, এসএম রেজওয়ান মাসুম, এসএম সারোয়ার রহমান, ড. মোঃ ইউনুস আলী আকব, ড. মোঃ মোলানা মোহতাম, মোঃ আবু হানিফ শোভন, মোঃ আরিফুল ইসলাম, মোঃ মাসিন উদ্দিন, মোঃ শওকত নবী, মোঃ শাহিন হক, মোঃ হাবিবুর রহমান। কলেজ শাখার প্রার্থীদের মধ্যে রয়েছে- খন্দকার আফগোজা বেগম, ড. মারুফুল ইসলাম, মনির হোসেন।